

মাওঃ সাইফুল ইসলাম  
উপ-পরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
০৬/১০/১০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৫২০

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯

০৩ অক্টোবর ২০২২

বিষয়: খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন মধুগ্রাম ইসলামীয়া আলিম মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির সহকারী শিক্ষক (গণিত) জনাব নাজমুল সরদার/NAZMUL SARDER (N2108660) নামের বানান সংশোধন প্রসঙ্গে।

সূত্র: (১) DEO, খুলনা এর স্মারক নং-জেশিঅ/খু:/২০২১/১৪৬; তা: ১৭/০২/২১ ডকেট-৯৩০৫ তা: ২৭/০৭/২২  
(২) প্রতিকার প্রার্থীর আবেদন; তা: ২৩/০৭/২০২২  
(৩) তদন্ত কমিটির প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৩.০০৪.১৯.১৯১; তা: ০১/০৯/২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন মধুগ্রাম ইসলামীয়া আলিম মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির সহকারী শিক্ষক (গণিত) জনাব নাজমুল সরদার/NAZMUL SARDER (N2108660) এর নামের বানান সংশোধনের নিমিত্ত প্রতিকার প্রার্থীর আবেদন জেলা শিক্ষা অফিসার, খুলনা কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অগ্রায়ন পত্র এবং সংযুক্ত ডকুমেন্টস পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব NAZMUL SARDER (N2108660) বর্ণিত মাদ্রাসায় ১৯/১১/২০১৪ তারিখে সহকারী শিক্ষক (গণিত) পদে যোগদানপূর্বক এমপিওভুক্ত হন। প্রথম থেকেই তাঁর এমপিওশীটে নামের বানান NAZMUL SARDAR মুদ্রিত হয়ে আসছে। তাঁর সকল একাডেমিক সনদে নামের বানান NAZMUL SARDER উল্লেখ আছে বিধায়, তিনি সনদানুযায়ী নামের বানান সংশোধনের নিমিত্ত এ অধিদপ্তরে আবেদন করেন।

৩। আবেদনকারীর নামের বানান সংশোধন বিষয়ে “ এমপিও কপিতে NAZMUL SARDER হবে” মর্মে জেলা শিক্ষা অফিসার, খুলনা কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে মতামত/সুপারিশ প্রদান করেন।

৪। পরবর্তীতে আনুষ্ঠানিক ডকুমেন্টস যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন (ঢাকা ও ময়মনসিংহ বিভাগ), জনাব মো: শাহীনুর ইসলাম, সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হলে তাঁরা নিম্নোক্ত রূপে মতামত প্রদান করেন:-

সুপারিশ/মতামত:

খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন মধুগ্রাম ইসলামীয়া আলিম মাদ্রাসার এমপিওশীটে সহকারী শিক্ষক (গণিত) জনাব নাজমুল সরদার এর একাডেমিক সনদ এসএসসি, এইচএসসি, বিএ (অনার্স), এম এ, জাতীয় পরিচয় পত্র, নিয়োগপত্র ও যোগদানপত্র সংক্রান্ত ডকুমেন্টস ইত্যাদি বিবেচনায় এমপিও কপিতে বিদ্যমান নাম আংশিক সংশোধনপূর্বক NAZMUL SARDER হিসেবে সংশোধন করার জন্য সুপারিশ করা হলো।

৫। বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ, জেলা শিক্ষা অফিসার, খুলনা এর মতামত/সুপারিশ এবং তদন্ত কর্মকর্তাদের মতামত/সুপারিশ এর ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব NAZMUL SARDER (N2108660) এর নামের বানান সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

নাম, পদবী, ইনডেক্স ও মাদ্রাসার ঠিকানা	১ম এমপিও ভুক্তির তারিখ	এমপিওশীটে নামের বানান	চাহিত নামের বানান	মন্তব্য
জনাব নাজমুল সরদার/NAZMUL SARDER (N2108660) সহকারী শিক্ষক (গণিত), মধুগ্রাম ইসলামীয়া আলিম মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা।	জানুয়ারী/২০১৫	NAZMUL SARDAR	NAZMUL SARDER	এমপিওশীটে প্রতিকারপ্রার্থীর নামের বানান NAZMUL SARDER হিসেবে সংশোধন যোগ্য।

৬। এমতাবস্থায়, নামের বানান সংশোধন বিষয়ে প্রতিকার প্রার্থীর আবেদন জেলা শিক্ষা অফিসার, খুলনা এর অগ্রায়ন/সুপারিশ এবং তদন্ত কর্মকর্তাদের সুপারিশ রয়েছে। জনাব NAZMUL SARDAR এর সকল একাডেমিক সনদ, জাতীয় পরিচয় পত্রে নামের বানান NAZMUL SARDER উল্লেখ আছে এবং NAZMUL SARDER-ই তাঁর নামের প্রকৃত বানান মর্মে ৩০০/ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার করেছেন বিধায়, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন মধুগ্রাম ইসলামীয়া আলিম মাদ্রাসার এমপিওশীটে

মাদ্রাসাটির সহকারী শিক্ষক (গণিত) জনাব নাজমুল সরদার/NAZMUL SARDER (N2108660) এর নামের বানান এমপিওশীটে NAZMUL SARDER উল্লেখপূর্বক সংশোধনের জন্য সুপারিশ করা হলো এবং পত্রের বর্ণনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন (compliance report) দাখিল করা জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
  - ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
  - ৩। নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষকসরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
  - ৪। প্রতিকার প্রার্থী জনাব নাজমুল সরদার (N2108660) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।
- সংযুক্তি: সাত (১৯) ফর্দ।

৩-১০-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মাদ্রাসা  
শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফরমেশন সিস্টেম (মেমিস),  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৫২০/১(২)

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯

০৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী (N2108660) মধুগ্রাম ইসলামীয়া আলিম মাদ্রাসা, ডুমুরিয়া, খুলনা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

৩-১০-২০২২

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক